

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫০০

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩১. যে ব্যক্তি এক হাজার আয়াত পরিমাণ পাঠ করে

باب مَنْ قَرَأً أَلْفَ آيَةٍ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ أَخْبَرَنَا حَرِينٌ عَنْ حَبِيبِ بْنِ عُبَيْدٍ قَالَ سَمِعْتُ أَبَا أُمَامَةَ يَقُولُ مَنْ قَرَأً أَلْفَ آيَةٍ كُتِبَ لَهُ قِنْطَارٌ مِنْ الْأَجْرِ وَالْقِيرَاطُ مِنْ ذَلِكَ الْقِنْطَارِ لَا يَفِي بِهِ دُنْيَاكُمْ يَقُولُ لَا يَعْدِلُهُ دُنْيَاكُمْ

বাংলা

৩৫০০. হাবীব ইবনু উবাইদ (রহঃ) হতে বর্ণিত, আবূ উমামা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, যে ব্যক্তি রাতে (সালাতে) এক হাজার আয়াত পাঠ করবে, তার জন্য 'কিনতার' (অশেষ) পরিমাণ সাওয়াব লিখা হবে। 'কিরাত' এসেছে এ 'কিনতার' (অশেষ, অঢেল) থেকেই, যা তোমাদের পূরো দুনিয়া ('র সম্পদ) দিয়েও পরিশোধ করা যাবে না। তিনি বলেন, তোমাদের পুরো দুনিয়া ('র সম্পদ) ও তার সমতুল্য হবে না।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি গত হয়েছে নং ৩৪৯৭ তে এ শব্দে: 'যে ব্যক্তি একশ' আয়াত পাঠ করল, তাকে গাফিলদের মধ্যে লিখা হবে না।' এবং ৩৪৯৮ তে যার শব্দাবলী: যে ব্যক্তি রাতে (সালাতে) দু'শ'টি আয়াত পাঠ করবে, তাকে অনুগতদের (ইবাদতকারীদের) মধ্যে লিখা হবে।'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন